

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.১৫৬—বিশিষ্ট কবি, লেখক ও সাংবাদিক জনাব বেলাল চৌধুরী গত ২৪ এপ্রিল ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইমালিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর।

২। জনাব বেলাল চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৫/০৭ মে ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন এম জিয়াউল আলম

সচিব, সমন্বয় ও সংস্কার

(৫৪৭৫)

মূল্য ৪ টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৪ বৈশাখ ১৪২৫

ঢাকা: -----

০৭ মে ২০১৮

বিশিষ্ট কবি, লেখক ও সাংবাদিক জনাব বেলাল চৌধুরী গত ২৪ এপ্রিল ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইমালিলাই ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর।

কবি বেলাল চৌধুরী ১৯৩৮ সালে ফেনী জেলায় জন্মগ্রহণ করেন। ছাত্র অবস্থায় তিনি বাম ধারার রাজনীতিতে যুক্ত হন। বায়ান্ন'র ভাষা আন্দোলনে যোগ দিয়ে তিনি কারাবরণ করেন। বর্ণাঢ্য কর্মময় জীবনে জনাব বেলাল চৌধুরী ভারতের কলকাতায় অবস্থানকালে কবি সুনীল গঙ্গোপাধ্যায় কর্তৃক সম্পাদিত সাহিত্য পত্রিকা 'কৃতিবাস'-এর সঙ্গে যুক্ত ছিলেন। পরে 'পল্লীবর্তা', 'সচিত্র সন্ধানী' ও 'ভারত বিচিত্রা' পত্রিকার সম্পাদনায়ও যুক্ত হন।

জনাব বেলাল চৌধুরী দেশের কাব্য-ভুবনে স্নানামধ্য ও স্বকীয় বৈশিষ্ট্যে উজ্জ্বল এক নক্ষত্র। তিনি বহু কবিতা, গল্প, উপন্যাস রচনা করেছেন। তাঁর কবিতা তাঁকে মানুষের হৃদয়ে স্থান করে দিয়েছে। কবিতা ছাড়াও প্রবন্ধ, কলাম, ফিচার, গল্প, ভ্রমণকাহিনী, শিশুসাহিত্য ও কথাসাহিত্যে শ্রমনিবিড় ও প্রতিভাদীপ্ত অবদান রেখেছেন কবি বেলাল। তাঁর শক্তিমান লেখনী মানুষকে সবসময় দেশপ্রেমের চেতনায় বলিয়ান হতে উদ্বুদ্ধ করেছে।

কবি বেলাল চৌধুরী ফরাসি, জার্মানি, স্প্যানিস, পর্তুগিজ ও জাপানি কবি ও লেখকদের বহু ছোটগল্প ও কবিতা বাংলায় অনুবাদ ও প্রকাশ করেছেন। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ হল - 'নিষাদ প্রদেশে', 'আত্মপ্রতিকৃতি', 'স্থিরজীবন ও নিসর্গ', 'স্বপ্নবন্দী', 'সেলাই করা ছায়া', 'কবিতার কমলবনে', 'যাবজ্জীবন সশ্রম উল্লাসে' ও 'বত্রিশ নম্বর' প্রভৃতি। এছাড়া তাঁর কথাসাহিত্য, প্রবন্ধ ও গবেষণা গ্রন্থের মধ্যে রয়েছে 'স্কুলিঙ্গ থেকে দাবানল', 'ডুমুরপাতার আবরণ' এবং 'লাকসাম দাদা ও অন্যান্য গল্প'। তাঁর সম্পাদিত গ্রন্থের মধ্যে 'জলের মধ্যে চাঁদ ও অন্যান্য জাপানি গল্প', 'পাবলো নেরুদা-শতবর্ষের শ্রদ্ধাঞ্জলি', 'শামসুর রাহমান সংবর্ধনাগ্রন্থ', 'কবিতায় বঙ্গবন্ধু' ইত্যাদি অন্যতম।

ভাষা ও সাহিত্যে গৌরবোজ্জ্বল অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব বেলাল চৌধুরীকে ২০১৪ সালে একুশে পদকে ভূষিত করা হয়। এছাড়া তিনি 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার'; 'নীহাররঞ্জন পুরস্কার'; জাতীয় কবিতা পরিষদ পুরস্কারসহ বহু সম্মাননা ও স্বীকৃতি লাভ করেন।

জনাব বেলাল চৌধুরীর মৃত্যুতে দেশ একজন পথিকৃৎ সাংবাদিক ও জন-মানুষের কবিকে হারাল। সাহিত্যজগতে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব বেলাল চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd